


শুমারিকর্মী(তালিকাকারী/সুপারভাইজার) নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিঙ্গিং অপারেশন এবং মূলশুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র কলাপাড়া উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বহস্তে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার পদ সংখ্যাঃ প্যানেল	প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদি প্রাপ্য হবেন। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হবে।	১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে।তবে স্নাতক পাস প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ইংরেজিতে হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে সংগতিপূর্ণ হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী পদসংখ্যাঃ প্যানেল	প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদি প্রাপ্য হবেন। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হবে।	১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ইংরেজিতে হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে সংগতিপূর্ণ হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- নির্ধারিত আবেদন ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সামনের ভবন(৩য় তলা), কলাপাড়া থেকে সংগ্রহ করা যাবে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট (www.kalapara.patuakhali.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে। এছাড়া জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.patuakhali.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে।
- লিঙ্গিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন।মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- লিঙ্গিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- লিঙ্গিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- লিঙ্গিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেই অন্যান্য কর্মে নিযুক্ত করতে পারবেন না। পরবর্তীতে এ রকম প্রমাণ পেলে তৎক্ষণাৎ নিয়োগ কমিটি তাদেরকে বাদ দেয়ার ক্ষমতা রাখে।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার ভিত্তিতে মোট পদের ৫০% নিয়োগ প্রদান করা হবে।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একাটমাত্র পদে আবেদন করতে পারবেন। চাকরিরত প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- আবেদনকারীগণকে স্ব স্ব ইউনিয়ন/পৌরসভা অথবা উপজেলার যে কোন স্থানে কাজ করতে এবং নির্ধারিত প্রতিটি খানায় সরেজমিনে কাজ করতে আগ্রহী হতে হবে।
- সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখপূর্বক আগামী ১৫/০১/২০২০ খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে (৯:০০ - ৫:০০) পৌঁছাতে হবে এবং একইসাথে জমাদান শেষে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- সকল প্রকার দরখাস্তের খামের উপর ডানপার্শ্ব পদের নাম, নিজ ইউনিয়ন ও মৌজার নাম উল্লেখ করতে হবে।
- বাছাই পরীক্ষা উপজেলা পরিষদের হল রুমে (নীচতলা); লালুয়া,ধানখালী,চম্পাপুর, বালিয়াতলী.; ২৬/১/২০২০ তারিখ, ধলাসার, ডালবুগঞ্জ, কুয়াকাটা পৌরসভা, লতাচাপলী, মহিপুর: ২৭/১/২০২০ এবং নীলগঞ্জ,চাকামইয়া, টিয়াখালী, কলাপাড়া পৌরসভা: ২৮/০১/২০১৯ তারিখ অনুষ্ঠিত হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল প্রকার সনদের মূলকপি সংগে আনতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- শুধুমাত্র লিঙ্গিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে (www.bbs.kalapara.gov.bd) প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



মোঃ মুনিবুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
কলাপাড়া, পটুয়াখালী

ও
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
কলাপাড়া, পটুয়াখালী।